

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
প্রবিধি অনুবিভাগ
প্রবিধি-৩ অধিশাখা
website: www.mof.gov.bd

নং- ০৭.০০.০০০০.১৭৩.৬৬.০৫৯.১৫(অংশ-১)-৯৩

২৭/০৬/১৪২৭ ব.
তারিখঃ-----
১২/১০/২০২০ খ্রি.

বিষয়ঃ দৈনিক ভিত্তিক শ্রমিক মজুরি হার পুনঃনির্ধারণ।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে ঢাকা ও চট্টগ্রাম সিটি কর্পোরেশনসহ বিভাগীয় শহর, জেলা ও উপজেলা পর্যায়ে দপ্তরসমূহে কর্মরত দৈনিক ভিত্তিক শ্রমিক মজুরির হার নিম্নবর্ণিত শর্তে নির্দেশক্রমে পুনঃনির্ধারণ করা হলো :

ক্রঃ নং	দপ্তরের অবস্থান	শ্রমিকের ধরণ	দৈনিক মজুরির হার
১।	ঢাকা ও চট্টগ্রাম সিটি কর্পোরেশন এলাকা	নিয়মিত দক্ষ শ্রমিক	৬০০/- (ছয়শত) টাকা
		অনিয়মিত অদক্ষ শ্রমিক	৫৭৫/- (পাঁচশত পঁচাত্তর) টাকা
২।	বিভাগীয় শহর এবং অন্যান্য সিটি কর্পোরেশন এলাকা	নিয়মিত দক্ষ শ্রমিক	৬০০/- (ছয়শত) টাকা
		অনিয়মিত অদক্ষ শ্রমিক	৫৫০/- (পাঁচশত পঞ্চাশ) টাকা
৩।	জেলা ও উপজেলা এলাকা	নিয়মিত দক্ষ শ্রমিক	৫৫০/- (পাঁচশত পঞ্চাশ) টাকা
		অনিয়মিত অদক্ষ শ্রমিক	৫০০/- (পাঁচশত) টাকা

শর্তাবলি :

১. শ্রমিকের সংখ্যা যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত হতে হবে ;
২. সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তর/পরিদপ্তর/দপ্তর/সংস্থার নিজস্ব বাজেট বরাদ্দ থেকে এ ব্যয় নির্বাহ করতে হবে। এ খাতে অতিরিক্ত বরাদ্দ দাবি করা যাবে না ;
৩. উল্লিখিত দৈনিক মজুরির হারে মাসিক ভিত্তিক শ্রমিক নিয়োগ করা যাবে না ;
৪. অর্থ বিভাগ কর্তৃক কেইস টু কেইস ভিত্তিতে ইতঃপূর্বে যেসব দপ্তরের বিপরীতে দৈনিক ভিত্তিক শ্রমিক মজুরির হার নির্ধারণ করা হয়েছিল এ পুনঃ নির্ধারিত হার সেসব দপ্তরের জন্যও প্রযোজ্য হবে ;
৫. এবিষয়ে কোন অনিয়ম পরিলক্ষিত হলে বিল পরিশোধকারী কর্তৃপক্ষ দায়ী থাকবে ;
৬. এ ব্যয়ের ক্ষেত্রে যাবতীয় আর্থিক বিধি বিধান যথাযথভাবে অনুসরণ করতে হবে; এবং
৭. দৈনিক ভিত্তিক পুনঃনির্ধারণকৃত শ্রমিক মজুরির হার আদেশ জারির তারিখ থেকে কার্যকর হবে।

(মোঃ হাসানুল মতিন)
যুগ্মসচিব

ফোনঃ ৯৫৪০১৮৩

e-mail: hasanulm @ finance.gov.bd.

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/ মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
২. মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, অডিট ভবন, ৭৭/৭, কাকরাইল, ঢাকা।
(তাঁর অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হলো)।
৩. সিনিয়র সচিব/সচিব/ভারপ্রাপ্ত সচিব, ----- মন্ত্রণালয়/বিভাগ(তাঁর অধীনস্থ সংশ্লিষ্ট দপ্তর সমূহে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হলো)।
৪. হিসাব মহানিয়ন্ত্রক, সেগুন বাগিচা, ঢাকা (তাঁর অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হলো)।
৫. অর্থমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬. সিনিয়র সচিব, অর্থ বিভাগ মহোদয়ের একান্ত সচিব, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭. সিনিয়র সিস্টেম এনালিস্ট, অর্থ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (তাঁকে অফিস স্মারকটি অর্থ বিভাগের ওয়েবসাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো)।
৮. অফিস কপি।